**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন বর্তমানে রাজ্যে চিকিৎসার উন্নত পরিকাঠামো রয়েছে ।**

**২) কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ বলেছেন রাজ্যের ভূমির সঠিক ব্যবহার করা রাজ্য সরকারের অন্যতম লক্ষ্য।**

**৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই জানিয়েছেন যে পুলিশের আধুনিকীকরণের জন্য রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে সহায়তা প্রকল্পের অধীনে ৪,৮৪৬ কোটি টাকার সামগ্রিক ব্যয় অনুমোদিত হয়েছে।**

**৪) মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা আজ খোলো ত্রিপুরা প্যারা অলিম্পিকস ২০২৪-এর উদ্বোধন করেন ।**

**************************************************

**CM-Dental College :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রাজ্যে সফলভাবে কিডনি প্রতিস্থাপন হওয়ার পর লিভার প্রতিস্থাপন ও বোন ম্যারো প্রতিস্থাপনেরও পরিকল্পনা সরকারের রয়েছে। আগরতলা টাউন হলে আজ আগরতলা গভর্মেন্ট ডেন্টাল কলেজের দ্বিতীয় প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, বর্তমানে চিকিৎসার ভালো পরিকাঠামো রয়েছে।

###########Byte#########

মুখ্যমন্ত্রী বলেন রাজ্য ও কেন্দ্র সরকার স্বাস্থ্য পরিষেবার উপর বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে। তিনি বলেন ইতিমধ্যে কেন্দ্র সরকার ত্রিপুরায় আরেকটি একটি ডেন্টাল কলেজ স্থাপনের জন্য প্রধানমন্ত্রী ডিভাইন স্কিমের আওতায় ইতিমধ্যে ২০২ কোটি টাকা মঞ্জুর করেছে। তিনি বলেন রাজ্যের প্রধান হাসপাতাল গুলির উপর চাপ কমানোর জন্য জেলা হাসপাতালগুলির পরিকাঠামো উন্নয়ন ও আধুনিকীকরণের জন্য সরকার কাজ করছে। মুখ্যমন্ত্রী বলেন বর্তমানে আগরতলা সরকারি মেডিকেল কলেজে ৯টি সুপার স্পেশালিটি ইউনিট রয়েছে। তাছাড়া ৮৬টি সুপার স্পেশালিটি পোস্ট রয়েছে। তিনি বলেন রোগী ও চিকিৎসক উভয়ের মধ্যেই আত্মবিশ্বাস থাকতে হবে। তাহলেই চিকিৎসার সুফল পাওয়া যাবে। তিনি বলেন কোনো কলেজেই রেগিং কোন মতেই বরদাস্ত করা হবে না। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা ডাঃ সঞ্জীব দেববর্মা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অতিরিক্ত সচিব রাজীব দত্ত, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ অধিকর্তা ডাঃ অঞ্জন দাস, ডাইরেক্টর অফ মেডিকেল এডুকেশন ডাঃ এইচপি শর্মা প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন আগরতলা গভর্মেন্ট ডেন্টাল কলেজের অধ্যক্ষ ডাঃ সালু রাই। অনুষ্ঠানে কলেজের বিভিন্ন অ্যাকাডেমিক কোর্স এ সাফল্যের জন্য ও ক্রীড়া সপ্তাহের বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

*******************************

**Ratanlal Nath :**

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ বলেছেন রাজ্যের ভূমির সঠিক ব্যবহার করা রাজ্য সরকারের অন্যতম লক্ষ্য। আজ আগরতলার নজরুল কলা ক্ষেত্রে ভূ-স্থানিক কৌশল ব্যবহার করে ত্রিপুরার ভূমি সম্পদের বিবরণ নিয়ে  কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। মন্ত্রী শ্রী নাথ বলেন মাটির স্বাস্থ্য, পুষ্টির ঘাটতি ইত্যাদি কাটিয়ে ওঠার বিজ্ঞানভিত্তিক পরামর্শ সহ জমিতে

শস্য নির্বাচন মানচিত্র তৈরি করা এবং কৃষকদের যাবতীয় সমস্যা সমাধান হচ্ছে এই কর্মশালার মূল লক্ষ্য। তিনি বলেন এর মাধ্যমে বৃহৎ পরিসরে রাজ্যের জেলার ভূমি ব্যবহার মানচিত্র তৈরি করা সম্ভব হবে যার দ্বারা রাজ্যের কৃষকরা উপকৃত হবেন। তিনি বলেন রাজ্যে জমির পরিমান কম রয়েছে। কেবল ৬০ লক্ষ ৬২ হাজার কানি জমি রয়েছে। তার মধ্যে ২৯ লক্ষ ৬৮ হাজার কানি জমিতে ফসল এবং ১৫ লক্ষ কানি জমিতে ধান চাষ হয়। তিনি বলেন এখন শুধু উন্নয়ন নয় সুস্থায়ী উন্নয়নের উপর সবাই জোর দিচ্ছে। তিনি বলেন উৎপাদনের ক্ষেত্রে সর্বভারতীয় স্তরে ত্রিপুরা ষষ্ঠ স্থানে রয়েছে। শ্রী নাথ বলেন রাজ্যের গোমতী, দক্ষিণ ও সিপাহীজলা জেলা খাদ্যশস্যে স্বয়ংসম্পূর্ণ। বাকি জেলাগুলিকে ও স্বয়ংসম্পূর্ণ করার প্রচেষ্টা চলছে বলে তিনি জানান। কর্মশালায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৃষি দপ্তরের অধিকর্তা শরদিন্দু দাস সহ কৃষি ও উদ্যান দপ্তরের আধিকারিকরা।

****************************

**BSF ADG, Sonamura :**

সীমান্ত পরিস্থিতি ও সীমান্ত রক্ষী বাহিনী বি.এস.এফের ভূমিকা নিয়ে আজ সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার এন.সি নগর বি.ও.পিতে এক গুরুত্বপূর্ণ পর্যালোচনা বৈঠক করেন বি.এস.এফের ইস্টার্ন কমান্ড ADG রবি গান্ধি। তার সঙ্গে ছিলেন রাজ্যের মুখ্যসচিব জে.কে সিনহা, ত্রিপুরা পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন ও বি.এস.এফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের আই.জি এ.কে শর্মা। বৈঠক শেষে বি.এস.এফের এ.ডি.জি বলেন রাজ্য পুলিশ, সাধারণ প্রশাসন ও সীমান্তের গ্রমবাসীদের সঙ্গে বি.এস.এফের যথেষ্ট ভালো সমন্বয় রয়েছে।

###########Byte########

শুধু তাই নয় ভালো সম্পর্ক রয়েছে বাংলাদেশের সীমান্ত রক্ষী বাহিনী BGB-র সঙ্গেও। সকলে মিলেই সমন্বিত সীমান্ত ব্যবস্থাপনা

পরিকল্পনা অনুযায়ী কাজ করা হচ্ছে। আজকের বৈঠকে সিপাহীজলা জেলার জেলাশাসক, পুলিশ সুপার, বি.এস.এফ ৮১ নম্বর বাহিনীর কমান্ডেন্ট ও উপস্থিত ছিলেন।

*******************************

**NEC, Security :**

আসন্ন NEC অধিবেশনে নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা করেছেন মুখ্য সচিব জে কে সিনহা সহ পুলিশ ও বিএসএফের একটি উচ্চ পর্যায়ের দল। বিএসএফ শালবাগান সদর দপ্তর জানিয়েছে, মুখ্যসচিব ছাড়াও ত্রিপুরা পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, বিএসএফের পূর্বাঞ্চল বিভাগের অতিরিক্ত মহানির্দেশক রবি গান্ধী, বিএসএফের ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি অশ্বিনী কুমার শর্মা আজ ধলাই জেলা ও সিপাহিজলা জেলার এনসি নগর সীমান্ত এলাকা পরিদর্শন করেছেন। বিএসএফ আরও জানায়, বিএসএফ-এর সীমান্তে প্রহরা আন্তঃসীমান্ত অপরাধ প্রতিরোধে পুলিশ ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সঙ্গে যৌথ অভিযান, অবৈধ অভিবাসন সুবিধা প্রদানকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, গাঁজা ধ্বংস অভিযান ও সীমান্তের নিরাপত্তা বিষয়ে পর্যালোচনা হয়েছে। সীমান্ত বেড়ার সামনে বসবাসকারী জনসংখ্যা এবং গ্রামগুলিকে স্থানান্তরের পরিকল্পনা, রাস্তা সংযোগ এবং বিওপি, জমিতে বিদ্যুৎ সরবরাহ অধিগ্রহণ মামলা ইত্যাদি নিয়েও আলোচনা হয়েছে। মুখ্য সচিব এবং ডিজিপি ত্রিপুরার দুর্গম ভূখণ্ডে সীমান্তে মোতায়েন বিএসএফ সৈন্যদের কর্তব্য পালনের প্রশংসা করেছেন।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক

প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*********************************

**Modernisation of police :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই জানিয়েছেন যে পুলিশের আধুনিকীকরণের জন্য রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে সহায়তা প্রকল্পের অধীনে ৪,৮৪৬ কোটি টাকার সামগ্রিক ব্যয় অনুমোদিত হয়েছে। আজ রাজ্যসভায় এক প্রশ্নের উত্তরে, মন্ত্রী বলেন যে এই প্রকল্পের উদ্দেশ্য হল রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে থানার নির্মাণ কাজ সহ, পুলিশ বাহিনীকে আধুনিক প্রযুক্তি, অস্ত্রশস্ত্র এবং যোগাযোগ সরঞ্জাম দিয়ে সজ্জিত করা। এর মধ্যে রয়েছে গতিশীলতা এবং আবাসন সহ অন্যান্য পুলিশ পরিকাঠামো নির্মাণ। ২০২১-২২ থেকে ২০২৫-২৬ পর্যন্ত পাঁচ বছরের জন্য এই প্রকল্পের সামগ্রিক ব্যয় অনুমোদন করা হয়েছে।

******************************

**PM, KUSUM :**

কেন্দ্র আজ জানিয়েছে যে প্রধানমন্ত্রী কিষাণ উর্জা সুরক্ষা এবম্ উত্থান মহা অভিয়ান বা পিএম-কুসুম প্রকল্পের অধীনে রাজ্যগুলির জন্য এখনও পর্যন্ত ৪,৩৮৮ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। লোকসভায় একটি প্রশ্নের লিখিত উত্তরে, নবীন এবং পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রী, প্রহ্লাদ জোশী জানিয়েছেন যে পিএম কুসুম প্রকল্পটি ২০১৯ সালে চালু হয়েছিল এবং কৃষিকে সৌরকরণের জন্য ২০২৩ সালের সেপ্টেম্বর পর্যন্ত এই অভিযান চালানো হয়।

***************************

**Prashasan Gaon Ki Ore :**

"প্রশাসন গাও কি ঔর অর্থাৎ গ্রামমুখী প্রশাসন" প্রচারাভিযান কর্মসূচি গোটা দেশের পাশাপাশি রাজ্যেও আগামীকাল থেকে শুরু হচ্ছে। এই অভিযান চলবে ২৫ ডিসেম্বর পর্যন্ত। এই প্রচার কর্মসূচিতে প্রতিটি গ্রামীণ এলাকার কি কি সমস্যা রয়েছে, কিভাবে সমস্যা সমাধান করা যায় এই বিষয়গুলি নিয়ে কাজ করবে প্রশাসন। এই নিয়ে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডঃ বিশাল কুমারের এক বিশেষ সাক্ষাৎকার মূলক আলোচনা শোনা যাবে আজ রাত ৯টা ৩০ মিনিটে আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

*******************************

**Prashasan Gaon Ki Ore :**

এদিকে, ঊনকোটি জেলাতেও এই প্রচারাভিযানকে সফল করতে ব্যাপক প্রশাসনিক উদ্যোগ নেওয়া হয়েছে। ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা আজ জানিয়েছেন, জেলার অন্তর্গত পেঁচারথল ব্লকের অধীন আন্ধারছড়া দ্বাদশ শ্রেণি বিদ্যালয় প্রাঙ্গণে বিশেষ প্রশাসনিক ও স্বাস্থ্যশিবির অনুষ্ঠিত হবে।

সেখানে বিভিন্ন দপ্তরের স্টলে নাগরিকদের বিভিন্ন পরিষেবা প্রদান করা হবে এবং শিবিরে জন অভিযোগের নিষ্পত্তি ও জনগণের সঙ্গে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করা হবে। তিনি জানান, জেলায় ব্লকস্তরেও অনুষ্ঠান হবে। সুশাসন সপ্তাহ উপলক্ষে আগামী ২৩শে ডিসেম্বর জেলা সদর কৈলাশহরে জেলা পর্যায়ের কর্মশালা অনুষ্ঠিত হবে বলে তিনি জানান।

****************************

**Media Workshop :**

ইউনিসেফ ও সেন্টার ফর ডেভেলপমেন্ট এন্ড পিস স্টাডিজ এর যৌথ উদ্যোগে আজ বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে সাংবাদিকদের

নিয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। আগরতলার গীতাঞ্জলি গেস্ট আয়োজিত এই কর্মশালায় উপস্থিত ছিলেন জাতীয় আইন বিশ্ববিদ্যালয় ত্রিপুরার উপাচার্য প্রফেসর ড. যোগেশ প্রতাপ সিং, ইউনিসেফের চাইল্ড প্রটেকশন স্পেশালিস্ট লক্ষীনারায়ণ নন্দা, সেন্টার ফর ডেভেলপমেন্ট এন্ড পিস স্টাডিজের উত্তর পূর্বাঞ্চলে লাইভের চিফ এডিটর ওয়াসবীর হোসেন, আগরতলা প্রেসক্লাবের সহ-সভাপতি ও ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের মুখ্য উপদেষ্টা সৈয়দ সাজ্জাদ আলী, জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের ত্রিপুরার সহকারী অধ্যাপিকা ড. দেবশ্রী দেবনাথ, হেডলাইনস ত্রিপুরা ন্যাশনালের চিফ এডিটর প্রণব সরকার, ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের সম্পাদক সন্তোষ গোপ, এনএইচএম থেকে আগত বিশেষজ্ঞ সহ বিভিন্ন জেলা থেকে আগত সাংবাদিকরা। আজকের কর্মশালায় বাল্যবিবাহ রোধে মানুষকে সচেতন করা, বাল্যবিবাহ রোধ সংশ্লিষ্ট আইন কানুন সম্পর্কে অভিভাবকদের অবহিত করা ও এবিষয়ে সংবাদ মাধ্যমের ভূমিকা নিয়ে বক্তারা আলোচনা করেন।

******************************

**I C P Agartala :**

আগরতলার ইন্টিগ্রেটেড চেকপোস্টের আধিকারিক দেবাশীষ নন্দী জানিয়েছেন, বাংলাদেশ থেকে আমদানি বাণিজ্য স্বাভাবিক রয়েছে। প্রতিদিনই বাংলাদেশ থেকে মাছ, সিমেন্ট, তেল সহ বিভিন্ন ধরনের প্লাস্টিকের জিনিস এবং ধান ভাঙ্গার মেশিনের যন্ত্রপাতি আসছে। তিনি আরো জানান বর্তমানে ভিসা প্রদান বন্ধ থাকার ফলে দুই দেশের লোক চলাচল কম রয়েছে। তিনি জানান বহুদিন ধরে আগরতলা আইসিপি দিয়ে কোন রপ্তানি হচ্ছে না। তবে শ্রীমন্তপুর সহ অন্যান্য সীমান্ত চেকপোস্ট দিয়ে রাজ্য থেকে নানা ধরনের মশলা, আগরবাতি এবং ধান ভাঙ্গার মেশিনের যন্ত্রপাতি, সহ অন্যান্য জিনিস প্রতিদিন রপ্তানি হচ্ছে বলেও তিনি জানান।

*************************

**CM- Para Olympics :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সকল শারীরিক প্রতিবন্ধকতাকে জয় করে জীবনের স্বাভাবিক ছন্দে এগিয়ে যাচ্ছেন দিব্যাঙ্গ ভাই-বোনেরা। আজ স্বামী বিবেকানন্দ ময়দানে যুব ও ক্রীড়া দপ্তর এবং সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের যৌথ ব্যবস্থাপনায় দু'দিনব্যপী রাজ্যভিত্তিক খেলো ত্রিপুরা - প্যারা গেমসের উদ্বোধন করে তিনি এ কথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন এই গেমস তাদের শারীরিক ও মানসিক বিকাশ ঘটাতে বিশাল ভূমিকা নেবে। তিনি বলেন রাজ্য ও কেন্দ্র সরকারের ক্রমাগত প্রয়াসে অন্যান্য ক্ষেত্রের পাশাপাশি ক্রীড়াক্ষেত্রেও অদম্য ইচ্ছাশক্তি ও উৎকৃষ্ট প্রশিক্ষণকে হাতিয়ার করে দৃষ্টান্তমূলক অবদান রাখছেন দিব্যাঙ্গ ক্রীড়াবিদরা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী টিঙ্কু রায়,ভারতীয় স্পেশাল অলিম্পিকস এর সভাপতি ডঃ মল্লিকা নাড্ডা, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার উপস্থিত ছিলেন। দুদিনের খেলাধুলার মধ্যে ক্রিকেট, ফুটবল, দাবা, ক্যারাম, মিউজিক্যাল চেয়ার, ৫০ মিটার দৌড় সহ মোট ১৪টি বিষয় রাখা হয়েছে।

*************************

**Vijay Merchant :**

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেট প্রতিযোগিতার তিনদিনের খেলায় নাগাল্যান্ডকে ১০ উইকেটে হারিয়ে দিয়েছে ত্রিপুরা। কটকে অনুষ্ঠিত শেষ দিনের খেলায় আজ ১ উইকেটে ১৪ রান থেকে ব্যাট করতে নেমে নাগাল্যান্ড দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৬১ রান করে। জয়ের জন্য ২১ রানের লক্ষ্যে নেমে রাজ্যদল কোন উইকেট না হারিয়ে প্রয়োজনীয় রান তুলে নেয়। এর আগে নাগাল্যান্ডের প্রথম ইনিংসের ৬০ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ২০১ রান করেছিল।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫.৩ ডিগ্রি সেলসিয়াস।

***************************